

KANYASHREE UNIVERSITY

M.A. 1st Semester Examination-2022

Subject: Bengali

CC-1

ভাষাতত্ত্ব

পূর্ণমান: ৪০

সময়: ২ ঘণ্টা

‘ক’ বিভাগ

১) এককালিক বা বর্ণনামূলক ভাষাবিজ্ঞান বলতে কী বোঝায়? এই ভাষাবিজ্ঞানের আলোচনার পরিসরগুলি চিহ্নিত করুন। কালানুক্রমিক বা ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের সঙ্গে এর বিরোধ বা সমন্বয়ের দিকটিও উল্লেখ করুন। $২+৬+২=১০$
অথবা,

IPA বলতে ভাষাবিজ্ঞানীগণ কী বুঝিয়েছেন? এর ব্যবহারিক ও সুবিধাগত দিকগুলির উল্লেখ করে নিচে উদ্ধৃত অনুচ্ছেদটি IPA তে লিপ্যন্তর করুন ---

“আমাদের দেশে প্রাচীন কাল থেকে সংস্কৃত সমস্ত বিদ্যা থাকার দরুন বিদ্বান এবং সাধারণের মধ্যে একতা অপার সমুদ্র দাঁড়িয়ে গেছে। বুদ্ধ থেকে চৈতন্য, রামকৃষ্ণ পর্যন্ত—যাঁরা লোকহিতায় এসেছেন, তাঁরা সকলেই সাধারণ লোকের ভাষায় সাধারণকে শিক্ষা দিয়েছেন... চলিত ভাষায় কি আর শিল্পনৈপুণ্য হয় না?” $২+২+৬=১০$

২) রূপ (morph), রূপকল্প (morpheme) ও রূপবিকল্প (allmorph) বলতে ভাষাতাত্ত্বিকগণ কী বুঝিয়েছেন — উদাহরণ দিয়ে আপনার উত্তর বিস্তারিত লিখুন। দল ও রূপকল্প কেন সমার্থক মনে করেন না তাও বুঝিয়ে দিন। $(৮+২=১০)$

অথবা,

ধ্বনিবিজ্ঞানে দল বলতে কী বোঝায়? দলের গঠন আলোচনা প্রসঙ্গে অনসেট (ONSET) ও কোডা (CODA)- বিষয় দুটি বুঝিয়ে দিন। যথার্থ সংযুক্ত ব্যঞ্জে বা Consonant Cluster কা’কে বলে? $(২+৬+২=১০)$

‘খ’ বিভাগ

৩) নোয়াম চমস্কি প্রবর্তিত সঞ্জনি ব্যাকরণ অনুসারে বাংলা বাক্যের পদগুচ্ছের গঠন বিশ্লেষণ করুন। প্রসঙ্গত বাংলা বাক্যে পদগুচ্ছের প্রকারভেদগুলি উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। $(৪+৬=১০)$

অথবা,

বাচ্য সংবর্তন বলতে নোয়াম চমস্কি কী বুঝিয়েছেন? সংবর্তনের পরিণাম অনুযায়ী কত রকমভাবে বাচ্য সংবর্তন ঘটে উদাহরণ দিয়ে বুঝিয়ে দেখান। প্রসঙ্গত বাচ্য বিগর্ভন (Embedding of sentence) কীভাবে ঘটে তা-ও সংক্ষেপে বিশ্লেষণ করুন। $(১+৬+৩=১০)$

৪) সমাজভাষাবিজ্ঞানচর্চায় পেশাগত ভাষার গুরুত্ব কোথায়? জীবিকা কীভাবে নতুন নতুন ভাষার জন্ম দেয় নিদর্শন সহ আলোচনা করুন। $(৪+৬=১০)$

অথবা,

বয়স, লিঙ্গ, জাতি ও ধর্মভেদে সমাজভাষার পরিবর্তনগুলি উদাহরণ সহ আলোচনা করুন। ১০